

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর
বাংলাদেশ, ঢাকা।



স্মারক নং- ৩৭.০২.০০০০.১০৫.৩১.০৫১.১৯/৪৫৩০/০

তারিখ: ২২/১০/২০১৯ খ্রি.

বিষয়: মাগুরা জেলার শ্রীপুর উপজেলাধীন শ্রীপুর ডিগ্রী কলেজের অধ্যক্ষের বিরুদ্ধে বিভিন্ন অভিযোগ।

সূত্র: দুদকের পত্র স্মারক নং-০০.০১.০০০০.৫০৩.২৬.২৭৪.১৯-২৫৮০৯, তারিখ: ০১-০৭-২০১৯খ্রি.

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, মাগুরা জেলার শ্রীপুর উপজেলাধীন শ্রীপুর ডিগ্রী কলেজের উপাধ্যক্ষ জনাব মোহাম্মদ আলী(অব.), জনাব সাইদুর রহমান (অব.) এবং জনাব আবু বকর(অব.) কলেজটির অধ্যক্ষের বিরুদ্ধে আর্থিক অনিয়মের বিষয়ে নিম্নোক্ত অভিযোগ করেন।

অভিযোগ:

- ১) অধ্যক্ষ জনাব নির্মল কুমার সাহা ২০১০ সালে অনিয়ম ও দুর্নীতির মাধ্যমে অধ্যক্ষ হিসেবে নিয়োগ প্রাপ্ত হন।
- ২) ২০১৩-২০১৪ সালে শুধুমাত্র শূণ্যপদে ১৫ জন শিক্ষক এর নিকট থেকে লক্ষ লক্ষ টাকার বিনিময়ে নিয়োগ দেন। জনাব মো: বিপ্লব হোসেন নামে এক ব্যক্তির স্ত্রীর চাকরি দেওয়ার শর্তে চার লক্ষ টাকা ঘুষ গ্রহণ করেন। পরবর্তীতে চাকরি না দেওয়ায় নির্মল সাহাকে মাগুরা বার কাউন্সিলের মধ্যে লাঞ্ছিত করা হয় এবং তার বিরুদ্ধে মামলা নং সি আর-৬০০/১২।
- ৩) কলেজ উন্নয়নের নামে কলেজ প্রাঙ্গণের অধিকাংশ গাছ বিক্রি করা হয়েছে।
- ৪) অবসরপ্রাপ্ত শিক্ষক-কর্মচারীদের বকেয়া বেতন ভাতা প্রদান করেননি।

বর্ণিত শিক্ষকদের কর্তৃক আনীত অভিযোগ সরেজমিনে তদন্তপূর্বক তদন্ত প্রতিবেদন দাখিলের জন্য তদন্ত কর্মকর্তা নিয়োগ করা হয়।

তদন্ত কর্মকর্তার মতামত:

১. নিয়োগ সংক্রান্ত কাগজপত্র পর্যালোচনা করে দেখা যায় ২০১০ সালে শ্রীপুর ডিগ্রী কলেজের অধ্যক্ষ পদে জনাব নির্মল কুমার সাহা জাতীয় বিশ্ববিদ্যালয়ের অনুমোদনক্রমে বিধি মোতাবেক নিয়োগপ্রাপ্ত হন।
২. ২০১৩-১৪ সালে শিক্ষক নিয়োগ সংক্রান্ত বিষয়ে কোন আর্থিক লেনদেনের প্রমাণ পাওয়া যায়নি। এ্যাডভোকেট জনাব বিপ্লব হোসেন বাদী হয়ে অধ্যক্ষের বিরুদ্ধে আদালতে মামলা(সিআর নং-৬০০/১২) দায়ের করেছিলেন এবং পরবর্তীতে বাদীর মামলা প্রত্যাহারের আবেদনের প্রেক্ষিতে বিজ্ঞ আদালত ঐ মামলাটি খারিজ করে দেন।
৩. অধ্যক্ষ জনাব নির্মল কুমার সাহা কলেজ ক্যাম্পাসে নতুন ভবন নির্মাণের স্বার্থে ১২টি গাছ কর্তন করেন গভর্ণিং বডির সিদ্ধান্ত মোতাবেক এবং পরবর্তীতে ঐ গাছের কাঠ দ্বারা কলেজের ব্যবহার্য আসবাবপত্র তৈরি করেন।
৪. অবসরপ্রাপ্ত শিক্ষকদের বকেয়া বেতন ভাতা প্রদান সংক্রান্ত বিষয়ে মাগুরার শ্রীপুর সহকারী জজ আদালতে মামলা (৩৬১/১৫, তারিখ-০৫/১১/২০১৫) বিচার্যধীন বিষয় এ বিষয়ে মন্তব্য নিষ্পয়োজন।

এমতাবস্থায়, বিষয়টি নির্দেশক্রমে অবহিত করা হলো।

স্বাক্ষর ২২.১০.১৯
(মো. আবদুল কাদের)
সহকারী পরিচালক (ক-৩)
ফোন নং ৯৫৫৬০৫৭

জনাব মোহাম্মদ আলী(অব.), উপাধ্যক্ষ
জনাব সাইদুর রহমান, সহকারী অধ্যাপক (অব.)
জনাব আবু বকর, সহকারী অধ্যাপক (অব.)
শ্রীপুর ডিগ্রী কলেজ, শ্রীপুর, মাগুরা।
সিকদার সাইফুজ্জামান, গ্রাম: মদনপুর, উপজেলা: শ্রীপুর, জেলা: মাগুরা।

অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি: (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)

- ১। সভাপতি, পরিচালনা পরিষদ, শ্রীপুর ডিগ্রী কলেজ, শ্রীপুর, মাগুরা।
- ২। অধ্যক্ষ, শ্রীপুর ডিগ্রী কলেজ, শ্রীপুর, মাগুরা।
- ৩। জেলা শিক্ষা অফিসার, মাগুরা।
- ৪। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, শ্রীপুর, মাগুরা।
- ৫। সংরক্ষণ নথি।